মেহেরপুরে সদর উপজেলা বিএনপির বিক্ষোভ সমাবেশ

জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, বিদ্যুতের ভয়াবহ লোডশেডিং এবং সকল পণ্যের মূল্য বৃদ্ধির ও ভোলার পুলিশের গুলিতে ছাত্রনেতা নূরে আলম,সেচ্ছাসেবক দলের নেতা আঃ রহিমকে হত্যার প্রতিবাদে মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ড এলাকায় এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ আহমেদ বিজনের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন,জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান,ইলিয়াস হোসেন,মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,সিনিয়র সহ-সভাপতি শহিদুল আলম, যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল মিন্টু,ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন,গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা প্রমুখ। এ সময় মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় বিভিন্ন ব্রান্ডের বীজের নকল প্যাকেট পাওয়ায় ব্যবসায়ীকে জরিমানা

কুষ্টিয়ায় অসাধু ব্যবসায়িরা নামীদামি বীজ কোম্পানির নাম ব্যবহার করে বাজারে নিম্নমানের বীজ বিক্রি করছে। ওই সব বীজ কিনে কৃষকরা প্রতারিত হলেও অনুমোদনহীন বীজ কোম্পানিগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নিতে মাঠে দেখা মিলছে না কৃষি বিভাগের।

সোমবার দুপুরে কুষ্টিয়ার মিরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন ব্রান্ডের বীজের নকল প্যাকেট পাওয়ায় ৫০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, মিরপুর উপজেলার মহিলা কলেজ রোডে গিয়ে দেখা যায় মেসার্স মুন্সি বীজ ভান্ডারের গোডাউনে বস্তাভর্তি বীজের পাশাপাশি মেয়াদ উত্তীর্ণ বীজ হতে বিভিন্ন নামে বীজ প্যাকেটজাত করা হয়।

তিনি জানান, মেসার্স মুন্সি ট্রেডার্স তার নিজ নামে প্যাকেটজাত করার পাশাপাশি যশোর, চুয়াডাঙ্গা ও ঢাকার ঠিকানা ব্যবহার করে হাবীব সীড, দেওয়ান সীড, রাফি সীড, মুক্তা বীজ ভান্ডার, মা বীজ ভান্ডার, বিসমিল্লাহ বীজ ভান্ডার, মোশারফ বীজ ভান্ডারসহ বিভিন্ন ব্রান্ডের বীজের প্যাকেট নকল করে বীজ প্যাকেটজাত করা হচ্ছে।

পরে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ লংঘনের অপরাধে প্রতিষ্ঠানটিকে ৫০হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সুচন্দন মন্ডল আরও বলেন, ‘ভেজাল ও অনুমোদনহীন বীজ বিক্রি আইনগত অপরাধ। ভোক্তা-অধিকার নিশ্চিত করতে অভিযান চলমান থাকবে বলেও জানান তিনি। অভিযানে সার্বিক সহযোগিতা প্রদান করেন কুষ্টিয়া জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন, মিরপুর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোছাঃ সেলিনা আখতার ও আইনশঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদ্যসরা।

সরেজমিনে দেখা যায়, বিভিন্ন নামকরা কোম্পানির মোড়কে নিম্নমানের ধান বীজ প্যাকেটজাত করে স্থানীয় হাট-বাজারে বিক্রি হচ্ছে। ফলে কৃষক না জেনে এসব নকল বীজ কিনে প্রতারণার শিকার হচ্ছেন। এতে ফসল ফলনে ধ্বস নামবে এবং কাঙ্খিত খাদ্য উৎপাদন হবে না। ফলে খাদ্য সংকট থেকেই যাবে।

এদিকে মানসম্মত বীজ না পেয়ে কৃষক দিশেহারা হয়ে পড়েছেন। সরকারের কৃষি বিভাগ বিষয়টি জেনেও তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে তেমন একটা উদ্যোগী হচ্ছে না বলে জোর অভিযোগ উঠেছে।

মেহেরপুরে মায়ের চরিত্র নিয়ে কটুক্তি। চাচাত ভাইকে কোপাল ছেলে

মায়ের চরিত্র নিয়ে কটুক্তি করায় চাচাত ভাই শাকিল (৩০) কে ধারালো হাসুয়া দিয়ে কুপিয়ে জখম করেছেন লিজন নামের এক যুবক।

আহত শাকিল এখন মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তার হাতের তিনটি আঙ্গুল কেটে গেছে বলে জানান শাকিল।

গতকাল রবিবার দিবাগত রাত ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার রাজাপুর বারাকপুর গ্রামে এ হামলার ঘটনা ঘটে। আহত শাকিল জানান, আমার চাচি গ্রামের একজনের সাথে পরকীয়ায় জড়িত।

এ কথা বলায় চাচাত ভাই আমার দাদী মজিরন নেছা (৮০) কে মারধর করে। আমি তাকে ঠেকাতে গেলে আমাকে হাসুয়া দিয়ে কুপিয়ে জখম করে পালিয়ে যায়। তবে, লিজন আত্মগোপনে থাকায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। এঘটনায় মামলা করার প্রস্তুতি চলছে বলে জানান শাকিল।

বিদায় নিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম

শ্রদ্ধা, প্রশংসা ও সহকর্মীর অশ্রুসিক্ত ভালোবাসায় বিদায় নিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম (বিপিএম-সেবা)।

মোঃ জাহিদুল ইসলাম ২০১৯ সালের ৯ সেপ্টেম্বর পুলিশ সুপার হিসেবে চুয়াডাঙ্গায় দায়িত্বভার গ্রহণ করেন। চুয়াডাঙ্গা জেলায় যোগদান করেই তাঁর কর্মগুনে আলো ছড়িয়ে তিনি জয় করেছেন চুয়াডাঙ্গা জেলাবাসীর মন। তাইতো বিদায় বেলায় ভাসলেন শ্রদ্ধা, প্রশংসা, আবেগ ও ভালোবাসায়, সিক্ত হলেন সহকর্মীদের ফুলেল শুভেচ্ছায়।

মোঃ জাহিদুল ইসলাম, বিপিএম-সেবা চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার হিসেবে দায়িত্বপালনকালে জেলাবাসীর জানমালের নিরাপত্তা নিশ্চিতে তিনি কাজ করেছেন একাগ্রচিত্তে।

পুলিশি সেবা সাধারণ মানুষের দৌড়গোড়ায় পৌঁছে দিতে নিয়েছিলেন বিট পুলিশিংসহ নানামুখী উদ্যোগ। তার সময়ে অনলাইনে নাগরিক সেবা,সিটিজেন ইনফরমেশন রিপোর্ট (ঈওগঝ) এ সর্বমোট ৩,৬৬,৭৭৩ জন বাড়ির মালিক ও ভাড়াটিয়ার পুর্ণাঙ্গ তথ্য হালনাগাদকরণ,পজ মেশিনের মাধ্যমে ই-ট্রাফিক ব্যবস্থা, অনলাইনে আবেদনের মাধ্যমে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান, অনলাইন জিডির প্রচলন, গঠিত উইমেন সাপোর্ট সেল ও সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল। যার সুফল পাচ্ছে চুয়াডাঙ্গাবাসী।

চুয়াডাঙ্গা জেলাকে মাদক ও চোরাচালান মুক্ত করার লক্ষে বিভিন্ন ধরণের প্রশংসনীয় পদক্ষেপ গ্রহণ করেন। ফলশ্রুতিতে বহুসংখ্যক মাদক ব্যবসায়ী মাদক ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরে আসে।

পুলিশ সুপার দ্বায়িত্ব পালনকালে অত্র জেলায় মোট মামলা ৩৭৫৪ টি অত্র মামলায় গ্রেফতার ৪০০৩ জন এছাড়াও মামলা নিস্পত্তি ৩৯৫৬ টি,মোট ওয়ারেন্ট প্রাপ্তি ৯৪৩৫ টি, মোট ওয়ারেন্ট নিস্পত্তি ১০৪৫৮ টি,এছাড়াও ১২০৮ টি মাদক ও চোরাচালান মামলায় গ্রেফতার হয় মোট-১৬৪৮ জন আসামী।

তাদের হেফাজত থেকে উদ্ধার করা হয় ট্যাপেন্টা ট্যাবলেট ৫,৪৭৪ পিস, দেশী মদ ১৬ বোতল ১৪০ লিটার ৫০০ গ্রাম, ভারতীয় মদ ০৯ বোতল, ১১

লিটার, চোলাইমদ ০৯ বোতল, এ্যালকোহল-২৩ বোতল, ০১ লিটার, বেঙ্গল টাইগার মদ-২৪ বোতল, তাড়ী-১২০ লিটার, গাঁজার গাছ-৭৫টি, ফেন্সিডিল-২৪,৬৯৬ বোতল, তরল ফেন্সিডিল-০৫ লিটার, ইনজেকশন-৯১৫ পিচ, হেরোইন-৩২পুরিয়া, ইয়াবা ট্যাবলেট-৭,৬৫৭ পিচ, গাঁজা-৪২২কেজি ৫৫৯ গ্রাম, যাহার সর্বমোট মূল্য অনুমান-৩,৪৫,১৩০,৩৯০টাকা।

অবৈধ্য অস্ত্রগুলি উদ্ধার অভিযানে ২০টি মামলায় গ্রেফতার হয় মোট ২৬জন আসামী। তাদের হেফাজত থেকে উদ্ধার করা হয় ওয়ান শুটারগান-০৬টি, নাইন এমএম বিদেশী পিস্তল-০৩টি, ককটেল-০২টি, হাতবোমা-০৩টি, লোহার ছুরি-০১টি, রামদা-০৩টি, চাপাতি-০৫টি, খেলনা পিস্তল-০১টি, . ২২ বোর রাইফেল-০১টি, কাঠের হাতল তৈরী ছুরি-০৭টি, তলোয়ার-০১টি, হাসুয়া-০১টি, লোহার দা-০১টি ও পরিত্যাক্ত থ্রি নট থ্রি রাইফেল-০১টি, ম্যাগজিন-০২টি, ওয়ান শুটারগানের গুলি-০৬রাউন্ড, পিস্তলের কার্তুজ-৪৭রাউন্ড, থ্রি নট থ্রি রাইফেলের কার্তুজ-৬৬রাউন্ড,.২২ বোর রাইফেলের কার্তুজ-১৩৪রাউন্ড।

এছাড়াও তিনি বাংলাদেশ পুলিশ পেশাগত দ্বায়িত্ব পালনের পাশাপাশি বিভিন্ন প্রকার সামাজিক, মানবিক ও উৎসাহমূলক কার্যক্রমে ভূমিকা রেখেছেন।বিশ্বব্যাপি মহামারী করোনাকালীন সময়ে ৮,২০৫জন অসহায়,দুস্থ্য,কর্মহীন মানুষের বাড়ি বাড়ি খাদ্য ও ঔষধ সামগ্রী পৌছানো,শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতারণ।

এতিম,পথশিশু,অনাথ ও প্রতিবন্ধী শিশুদের ঈদ সালামী ও নতুন জামা উপহার,প্রতিবন্ধীকে হুইল চেয়ার প্রদান,খাদ্য সামগ্রী উপহার,কন্যা সন্তান জন্মগ্রহণ করলেই পৌছে যাবে পুরস্কার (উন্নতমানের বেবি সেট, ফুল ও মিষ্টি) পেয়েছে ৮০৯টি পরিবার,৩৮৪টি ভাঙ্গা সংসার জোড়া,মোবাইল উদ্ধার,বিকাশ/নগদ এর টাকা উদ্ধার পূর্বক প্রকৃত মালিকের নিকট হস্তান্তর,সাইবার বুলিং এর শিকার নারী ও শিশুকে সহায়তা প্রদান,এচঅ-৫ প্রাপ্ত ঔঝঈ কৃতি ছাত্রছাত্রীদের সংবর্ধনা প্রদান, মহামারী করোনাকালে বিঘ্নিত স্কুল পুলিশিং কার্যক্রম,খাদ্য যাবে বাড়ি, মাদক ও জঙ্গীবাদ বিরোধী মহাসমাবেশ, ইভটিজিং, কিশোরগ্যাং, বাল্যবিবাহ প্রতিরোধসহ সামাজিক, মানবিক ও উৎসাহমূলক কার্যক্রমে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন।

ইতোমধ্যে তিনি চুয়াডাঙ্গা জেলাবাসীর নিকট পেয়েছে মানবিক পুলিশ সুপারের স্বীকৃতি। তিনি চুয়াডাঙ্গার পুলিশ সুপার হিসাবে বার বার চুয়াডাঙ্গা শ্রেষ্ঠ জেলা এবং শ্রেষ্ঠ পুলিশ সুপার এর পদক রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা রেঞ্জ এর নিকট থেকে গ্রহণ করেন।

তিনি পুলিশ সপ্তাহ ২০২১ সালে গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচারণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের জন্য বাংলাদেশ পুলিশের সর্বোচ্চ পদক বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম-সেবা) পদকে ভূষিত হন।

বদলিজনিত বিদায়ে সহকর্মীদের ভালোবাসায় সিক্ত হন বিদায়ী অতিথি। জেলা পুলিশের সকল পর্যায়ের পুলিশ সদস্যদের বক্তব্যে কর্মময় জীবনে বিদায়ী অতিথি একজন সৎ, মেধাবী, প্রতিশ্রুতিশীল আগুয়ান, চৌকস, পরিশ্রমী, দক্ষ, গুণী ও মানবিক গুণাবলী সম্পন্ন পেশাদার পুলিশ সুপার হিসেবে আলোচিত হন। সহকর্মীরা বিদায়ী অতিথির পেশাগত ও ব্যক্তিগত জীবনের উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

কুষ্টিয়ায় ডাকাতি প্রস্তুতকালে অস্ত্রসহ ৫ ডাকাত আটক

কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কের মন্ডল ফিলিং স্টেশন এলাকা থেকে দেশীয় অস্ত্রসহ ৫ জন ডাকাত আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

গত রোববার দিবাগত রাত ১২টার দিকে ডাকাতির প্রস্তুতিকালে ওই পাঁচজনকে আটক করেন পুলিশ। এই সময় তাদের কাছে থেকে ৪টি বড় হাসুয়া ও ১টি চাইনিজ জব্দ করা হয়।

এসব তথ্য নিশ্চিত করেছেন কুষ্টিয়া জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি নাসির উদ্দিন।

আটককৃতরা হলেন, কুষ্টিয়া পৌরসভার থানাপাড়ার বাদ এলাকার কুষ্টিয়া পৌরসভার থানা পাড়ার বাধ এলাকার মৃত আব্দুল আজিজ খানের ছেলে শুভ খান (৩৫), টাইগার হোসেনের ছেলে যুবরাজ হোসেন (২৫), কুরবান আলীর ছেলে রাহুল আমিন (২১) ও কোটপড়ার শুকনগর বস্তি এলাকার মৃত বাবু শেখের ছেলে বিপ্লব শেখ (২৪) এবং কুষ্টিয়া দৌলতপুর উপজেলার মুসলিমনগর এলাকার মৃত আফাজ বিশ্বাসের ছেলে আসলাম বিশ্বাস (৩২)।

পুলিশ সূত্রে জানা যায়, আটক ব্যক্তিরা আন্তঃজেলা ঢাকা জেলার সদস্য। তারা নিয়মিত বিভিন্ন এলাকায় ডাকাতি করে আসছে।

কুষ্টিয়া জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি নাসির উদ্দিন বলেন, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারেন ১৫-১৬ জনের একটি ডাকাত দল কুষ্টিয়া রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কে অবস্থিত মন্ডল ফিলিং স্টেশন এলাকায় ডাকাতি করা উদ্দেশ্যে অস্ত্রশস্ত্র নিয়ে তারা ডাকাতি প্রস্তুতি নিচ্ছে।

এমন সংবাদ জানার পর জেলা গোয়েন্দা পুলিশের একটি অভিধানিক দল সেখানে অভিযান চালিয়ে ওই পাঁচজন ডাকাতকে আটক করে। এই সময় তাদের কাছ থেকে চারটি বড় হাসুয়া ও একটি চাইনিজ কুড়াল জব্দ করা হয়। সোমবার সকালে তাদেরকে আদালতের মাধ্যমে জেলা কারাগারে প্রেরণ করা হয়।

জনতা ব্যাংক জোড়াদহ শাখার নতুন ভবনের উদ্বোধন

ঝিনাইদহ হরিণাকুন্ডু জোড়াদহ শাখা জনতা ব্যাংক লিঃ নতুন ভবনের উদ্বোধন করা হয়েছে। সোমবার সকাল ১১টায় জোড়াদহ শাখার উদ্বোধন করেন জনতা ব্যাংক লিমিটেড খুলনা অঞ্চলের জেনারেল ম্যানেজার অরুন কুমার বিশ্বাস।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জোড়াদহ কলেজের অধ্যক্ষ মোঃ শরিফুল ইসলাম, জনতা ব্যাংক লিঃ ডেপুটি জেনারেল ম্যানেজার মোঃ মিজানুর রহমান, জনাব মোঃ হামিদুল্লাহসহ জোড়াদহ ভায়না এলাকার অত্র ব্যাংকের গ্রাহকবৃন্দ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনতা ব্যাংক লিঃ জোড়াদহ শাখার ব্যবস্থাপক মোঃ আবু সাইদ।

[redacted] [redacted]-[redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted]-[redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

মেহেরপুরে খাস জমি দখল পেতে প্রতিপক্ষকে রক্তাক্ত

সরকারি খাস জমি সংক্রান্ত বিরোধের জের ধরে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামে প্রতিপক্ষের হামলায় রক্তাক্ত জখম হয়েছেন শহিদুল ইসলাম (৫০) নামের এক দিন মজুর।

আহত শহিদুল ইসলাম বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

রবিবার (২১ আগষ্ট) দিবাগত রাতে সাড়ে ৯ টার দিকে প্রতিপক্ষ আমিরুল ইসলামের নেতৃত্বে তার ছেলে আল কাউছ সায়েম, আবু সালেহ, আমিরুলের অপর ভাই আজিজুল ও রুহুল লাঠি শোঠা ও ধারা অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। পরে মূমূর্ষ অবস্থায় শহিদুলকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

শহিদুল জানান, আমার কোনো জমি জায়গা নেই। তাই ৮ শতক সরকারি খাস জমি বন্দোবস্ত নিয়ে বসবাস করছি। আমাকে ওই খাস জমি থেকে বিতাড়িত করতে প্রতিপক্ষ আমিরুল ইসলাম ষড়যন্ত্র করছে। এনিয়ে দেওয়ানী আদালতে একটি মামলা চলমান আছে। আদালত জমির উপরে না যাওয়ার জন্য তাদের নির্দেশও দিয়েছে। তারপরেও জমিটি দখল নিতে ওই পক্ষটি আমাকে বারবার মারধর করে আসছে। হুমকি ধামকি দিয়ে আসছে।

গতকাল তারা পূর্ব পরিকল্পিতভাবে আমার উপর হামলা চালিয়ে মাথায় ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। আমার মাথায় তিনটা সেলাই হয়েছে। এছাড়া শরীরের বিভিন্ন স্থানে ফোলা জখমের ক্ষত রয়েছে।

এঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।

[redacted]

[redacted]